



নং- ৫৭.০০.০০০০.০৮৫.২১.১৮১.১৮.৯১

তারিখ: ২৩ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
০৮ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: পিরোজপুর জেলার নেছারাবাদ উপজেলাধীন ব্যাসকাঠী-পাটিকেলবাড়ী নেছারিয়া দাখিল মান্দ্রাসার সুপারিনটেনডেন্ট মো: রফিকুল ইসলাম কর্তৃক সচিব, টিএমইডির বরাবর দাখিলকৃত আবেদন(সাময়িক বরখাস্ত থাকাকালীন কর্তৃনকৃত অর্থ প্রাপ্তিবিষয়) সংক্রান্ত।

সূত্র:

- পিরোজপুর জেলার নেছারাবাদ উপজেলাধীন ব্যাসকাঠী-পাটিকেলবাড়ী নেছারিয়া দাখিল মান্দ্রাসার সুপারিনটেনডেন্ট মো: রফিকুল ইসলাম এর আবেদন।
- মান্দ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৫৬.১৮-৮৮৯, তারিখ: ০৬.১১.২০১৯খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: রফিকুল ইসলাম পিরোজপুর জেলার নেছারাবাদ উপজেলাধীন ব্যাসকাঠী-পাটিকেলবাড়ী নেছারিয়া দাখিল মান্দ্রাসায় সুপারিনটেনডেন্ট পদে যোগদান করে কর্মরত থাকা অবস্থায় ১৬.০৪.২০১৮ তারিখে তাঁর (জনাব মো: রফিকুল ইসলাম) বিরুদ্ধে পুলিশ কর্তৃক মামলা দায়ের করা হয়(মামলা নং-জি.আর ৩৮/২০১৮ (নেছারাবাদ), পিরোজপুর)।

০২. উক্ত মামলাটি তদন্ত শেষে দূর্বীলি দমন কর্মশন, বরিশাল কর্তৃক সিনিয়র স্পেশাল জজ আদালত, পিরোজপুরে চার্জ শিট দাখিল হয়।

০৩. উক্ত চার্জ শিটের আলোকে স্পেশাল মামলা নং-০৪/২০১৯, জি.আর ৩৮/১৮ (নেছারাবাদ) বুজু হয় এবং গত ২২.০৭.২০১৯ তারিখে মামলাটি শুনানী অন্তে বিজ্ঞ আদালত কর্তৃক আবেদনকারীকে মামলার দায় থেকে অব্যাহতি প্রদানপূর্বক মামলাটি নিষ্পত্তি করা হয়।

০৪. উক্ত মামলার দায় থেকে মুক্ত হওয়ার পর আবেদনকারী জনাব মো: রফিকুল ইসলাম কর্তৃক সাময়িক বরখাস্তকালীনের বকেয়া (প্রাপ্ত খরপোষ ভাতা ব্যক্তিত এমপিও এর অবশিষ্ট অংশ) পাওয়ার জন্য সূত্রস্থ-১ নং স্মারকে এ বিভাগে আবেদন করেন।

০৫. এ বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগ হতে মহাপরিচালক, মান্দ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে অনুরোধ করা হলো সূত্রস্থ-২নং স্মারকে মান্দ্রাসা শিক্ষা অধিদপ্তর হতে নিয়ন্ত্রুণ মতামত প্রদান করা হয়:

(ক) বর্ণিত মান্দ্রাসার সুপারিনটেনডেন্ট জনাব মো: রফিকুল ইসলাম (ইনডেক্স নং-৩৬৮৬৬৫) এর বিরুদ্ধে পুলিশকৃত দাখিলকৃত মামলাটি জি.আর-৩৮/২০১৮ (নেছারাবাদ), পিরোজপুরগত ১৬.০৪.২০১৮খ্রি, তারিখে তাঁকে মামলা হতে অব্যাহতি দেয়া হয়। (খ) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মান্দ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৫) অনুচ্ছেদ ১৮.৫ এর বিধান অনুযায়ী খরপোষ হিসেবে গৃহীত অর্থ ব্যক্তিত এমপিও এর অবশিষ্ট অর্থ (প্রকৃত বকেয়া দাবী ডিজি, ডিএমই কর্তৃক নির্ধারণকৰ্ত্তব্য) জনাব মো: রফিকুল ইসলাম (ইনডেক্স নং-৩৬৮৬৬৫) এর অনুকূলে পরিশোধযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

০৬. উপরিউক্ত তথ্য হতে এটা স্পষ্ট যে, জি.আর-৩৮/২০১৮ (নেছারাবাদ), পিরোজপুর মামলার কারণে মান্দ্রাসার সুপারিনটেনডেন্ট জনাব মো: রফিকুল ইসলাম (ইনডেক্স নং-৩৬৮৬৬৫) সাময়িক বরখাস্ত ছিলেন এবং বরখাস্তকালীন খরপোষ ভাতা পেয়েছেন এবং পূর্ণ এমপিও প্রাপ্ত হননি। অধিকতু জনাব মো: রফিকুল ইসলাম (ইনডেক্স নং-৩৬৮৬৬৫) এর বিরুদ্ধে বুজুকৃত মামলাটি ব্যক্তিগত।

০৭. যেহেতু জনাব মো: রফিকুল ইসলাম (ইনডেক্স নং-৩৬৮৬৬৫) এর বিরুদ্ধে বুজুকৃত মামলাটি একটি ব্যক্তিগত মামলা এবং উক্ত মামলার দায় হতে জনাব মো: রফিকুল ইসলাম (ইনডেক্স নং-৩৬৮৬৬৫) অব্যাহতি পেয়েছেন সেহেতু বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মান্দ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর অনুচ্ছেদ ১৮.৫ এর বিধান অনুযায়ী খরপোষ হিসেবে গৃহীত অর্থ ব্যক্তিত এমপিও এর অবশিষ্ট অর্থ (প্রকৃত বকেয়া দাবী ডিজি, ডিএমই কর্তৃক নির্ধারণকৰ্ত্তব্য) জনাব মো: রফিকুল ইসলাম (ইনডেক্স নং-৩৬৮৬৬৫) এর অনুকূলে পরিশোধযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

০৮. এমতাবস্থায়, ডিজি, ডিএমই কর্তৃক প্রকৃত পাওনা নির্ধারণকৰ্ত্তব্যে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মান্দ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৫) অনুচ্ছেদ অনুযায়ী পিরোজপুর জেলার নেছারাবাদ উপজেলার ব্যাস-কাঠী পাটিকেলবাড়ী নেছারিয়া দাখিল মান্দ্রাসার সুপারিনটেনডেন্ট জনাব মো: রফিকুল ইসলাম (ইনডেক্স নং-৩৬৮৬৬৫) এর বকেয়া এমপিও খরপোষ ভাতা হিসেবে প্রাপ্ত অর্থ ব্যক্তিত অবশিষ্ট অর্থ(পরিশোধের জন্য নির্দেশকৰ্ত্তব্যে অনুরোধ করা হলো।


(সৈয়দ আসগর আলী)
সহকারী সচিব (মান্দ্রাসা-২)

৯৫৫৭২০

মহাপরিচালক

মান্দ্রাসা শিক্ষা অধিদপ্তর

গার্লস গাইস হাউস (৭ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা।

অনুলিপি:

- সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল।

চন্দ্রমুখ-১০৭৩-২

- ✓ ৩) সিপ্টেম এনালিষ্ট, কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪) জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর।
৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা-নেছারাবাদ, জেলা-পিরোজপুর।
৬) অতিরিক্ত সচিব (মান্দ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭) অফিস কপি।